

আপনার COVID-19 টিকা নিন



এখন যোগ্য: 50 বছর বা তার বেশি বয়স্ক মানুষ; নির্দিষ্ট অন্তর্নিহিত অসুস্থতা থাকা ব্যক্তিবর্গ; রেস্টুরেন্টের কর্মীরা; স্বাস্থ্য সেবা কর্মীগণ; নার্সিং হোম, গৃহীনের আশ্রয় এবং অন্যান্য দলগত বসবাসের ফেসিলিটির আবাসিক এবং কর্মীরা; এবং নির্দিষ্ট অপরিহার্য কর্মীরা, যেমন প্রথম প্রতিক্রিয়াকারী, শিক্ষক এবং স্কুলের কর্মীরা, পরিবহন কর্মীরা, এবং মুদির দোকানের কর্মীরা। সমস্ত যোগ্য গ্রুপের একটি তালিকার জন্য, nyc.gov/covidvaccinedistribution দেখুন।

একটি অ্যাপয়েন্টমেন্ট করুন

একটি টিকা কেন্দ্র খুঁজতে এবং অ্যাপয়েন্টমেন্ট করতে nyc.gov/vaccinefinder দেখুন। সকল কেন্দ্রের জন্য অ্যাপয়েন্টমেন্ট বাধ্যতামূলক। আপনি 877-829-4692 নম্বরেও কল করতে পারেন একটি NYC সাইটে অ্যাপয়েন্টমেন্ট করার জন্য।

আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য প্রস্তুত হওয়া

টিকাকরণ করার জন্য আপনাকে নিউ ইয়র্ক স্টেট (NYS) COVID-19 টিকা ফর্মটি সম্পূর্ণ করতে হবে যেটি vaccineform.health.ny.gov এ দেখতে পাবেন।

আপনি যদি **বয়সের ভিত্তিতে** একটি টিকার জন্য উপযুক্ত হন, তাহলে আপনাকে অবশ্যই আপনার বয়স এবং নিউ ইয়র্কে বসবাস করার প্রমাণ দেখাতে হবে।

আপনি যদি **চাকরি ভিত্তিতে** একটি টিকার জন্য উপযুক্ত হন, তাহলে আপনাকে অবশ্যই আপনার চাকরি এবং নিউ ইয়র্কে বসবাস বা কাজ করার প্রমাণ দেখাতে হবে।

আপনি যদি **অন্তর্নিহিত অবস্থাসমূহের ভিত্তিতে** উপযুক্ত হন, তাহলে আপনি আপনার অন্তর্নিহিত অবস্থা সম্পর্কে নিজেই বলতে পারেন। আপনাকে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর কাছ থেকে কোনো প্রমাণ আনতে হবে না। আপনাকে নিউ ইয়র্কে বসবাসের প্রমাণও আনতে হবে।

যোগ্যতার প্রমাণ সম্পর্কে আরো তথ্যের জন্য, nyc.gov/covidvaccine দেখুন।

কিছু টিকাদান কেন্দ্র শুধু NYCতে বসবাসকারী বা কর্মরত ব্যক্তিগণ, অথবা নির্দিষ্ট কিছু অঞ্চলের বাসিন্দাদের জন্য সীমাবদ্ধ। তাছাড়া, কিছু কেন্দ্রে শুধু নির্দিষ্ট কিছু যোগ্য গ্রুপকে টিকা দেয়া হচ্ছে। আপনার অ্যাপয়েন্টমেন্ট করার আগে টিকাদান কেন্দ্রের যোগ্যতার আবশ্যিকতাসমূহ দেখে নিন।

- আপনার অ্যাপয়েন্টমেন্টের দিনে আপনি সুস্থ বোধ না করলে আপনার অ্যাপয়েন্টমেন্ট পুনঃসূচিত করুন।
- আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় একটি মুখের আবরণ পরুন। মুখের আবরণ না পরলে টিকাকরণ কেন্দ্রে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

**NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY**

